

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
আইসিটি সেল  
www.mofl.gov.bd

...

সভাপতি

মোঃ তোফিকুল আরিফ

যুগ্ম-সচিব

সভার তারিখ ২৫/০৯/২০১৮ খ্রি.

সভার সময় বিকাল ৩.০০ ঘটিকা

স্থান মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

উপস্থিতি পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রণীত ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ সম্পর্কিত কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে সকলকে অবহিত করেন এবং তিনি জানান যে, ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ অনুসারে আমাদের সকল কার্যক্রম যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে অন্যথায় ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ অনুসারে আমরা কম নম্বর পাবো। এছাড়া তিনি আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা যথাযথভাবে মনিটরিং করার বিষয়ে উল্লেখ করেন।

২। মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট, ইনোভেশন টিমের সদস্য সচিব গত মাসের ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত সম্পর্কে সভাকে আলোকপাত করেন এবং জানান যে, উক্ত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করা হয়েছে।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

সিদ্ধান্ত সমূহঃ

ক) মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাকে নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতে হবে করতে হবে। সকল কার্যক্রম মনিটরিং করার জন্য নিম্নলিখিতভাবে সদস্যদের মাঝে দায়িত্ব বণ্টন করা হয়।

ক্রমিক	নাম ও পদবি	আওতাধীন দপ্তর/সংস্থার নাম
১	হাফছা বেগম, উপসচিব (মৎস্য-১)	মৎস্য অধিদপ্তর ও বিএফআরআই
২	নিগার সুলতানা, উপসচিব(প্রাণিসম্পদ-২)	প্রাণিসম্পদ অধিদপ্তর ও বিএলআরআই
৩	মোঃ ইলিয়াস হোসেন, সিস্টেম এনালিস্ট	বিএফডিসি, মেরিন ফিশারিজ একাডেমী ও বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল

খ) ইনোভেশন সভার কার্যবিবরণীসহ ইনোভেশন সংক্রান্ত পত্রসমূহ সকল সদস্যদেরকে অনুলিপি প্রদান করতে হবে।

গ) মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সকল সদস্যদের নিয়ে সভা আয়োজন করতে হবে।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ তৌফিকুল আরিফ  
যুগ্ম-সচিব

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০১১.১৮.২০৮

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৫  
০১ অক্টোবর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ২) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর
- ৩) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি
- ৪) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৫) মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
- ৬) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর
- ৭) উপ-সচিব, মৎস্য-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৮) উপসচিব, প্রাণিসম্পদ-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৯) উপপ্রধান, পরিকল্পনা অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১০) রেজিষ্ট্রার, , বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।
- ১১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১২) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১৩) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোঃ ইলিয়াস হোসেন  
সিস্টেম এনালিস্ট